



তথ্যবিবরণী

নম্বর-০৫১

## রাজশাহীতে বিশ্ব পর্যটন দিবস উদযাপিত

রাজশাহী; ১২ আশ্বিন (২৭ সেপ্টেম্বর):

আজ শুক্রবার (২৭ সেপ্টেম্বর) রাজশাহীতে বিশ্ব পর্যটন দিবস-২০২৪ উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ সকালে জেলা প্রশাসনের আয়োজনে ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সরকার অসীম কুমার এর নেতৃত্বে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। দিবসটির এ বছরের প্রতিপাদ্য 'পর্যটন শান্তির সোপান'।

র্যালিপূর্ব সংক্ষিপ্ত বক্তৃতায় ভারপ্রাপ্ত জেলা প্রশাসক বলেন, আগের তুলনায় পর্যটকের সংখ্যা বেড়েছে। পর্যটন স্পটগুলোকে কীভাবে বিশ্বমানের পর্যায়ে উন্নীত করা যায় সেদিকে লক্ষ্য রেখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং জেলা প্রশাসন একযোগে কাজ করছে।

বাংলাদেশের পর্যটন স্থানগুলোকে বিশ্ব পর্যটকদের কাছে আরও আকর্ষণীয় করে তোলার আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, আগামীতে দর্শনার্থীর সংখ্যা আরও বাড়বে। পর্যটন স্পটগুলোতে আরও কাজ করার সুযোগ রয়েছে।

পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে র্যালিতে উপস্থিত অতিরিক্ত পুলিশ সুপার হেলেনা আক্তার বলেন, আমাদের এই রাজশাহীতে পর্যটকদের নিরাপত্তার স্বার্থে পুলিশ প্রশাসন সর্বদা সর্বোচ্চ সতর্ক। আমাদের বিভিন্ন হটলাইন নম্বরগুলো আছে যদি কোনো পর্যটক সমস্যায় পড়ে তবে সেসকল নম্বরে যোগাযোগ করলে আমরা যথাযথ ব্যবস্থা গ্রহণ করব।

.....  
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/২০২৪/১৩.০০ ঘ.